

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৫ (ভোকেশনাল-০১)  
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৪.৪৮.০০১.২২.অংশ-৬. ৬৫৪

তারিখ : ৩০/০৪/২০২৬ খ্রিঃ

বিষয় : পূর্বের চাকরির ধারাবাহিকতা বজায় রেখে পেনশনযোগ্য চাকরিকাল গণনা প্রসঙ্গে

সূত্র : রামগতি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, রামগতি, লক্ষ্মীপুর এর স্মারক নং-টিএসসি/রামগতি/পিএফ/২০২৬/৯৮৬  
তারিখ: ০৯/০৩/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন রামগতি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, রামগতি, লক্ষ্মীপুর এর জুনিয়র ইনস্ট্রাক্টর (পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং) পদে কর্মরত জনাব মোঃ সামছুদ্দোহা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পূর্বের চাকরির ধারাবাহিকতা বজায় রেখে পেনশনযোগ্য চাকরিকাল গণনার জন্য আবেদনপত্র এ অধিদপ্তরে দাখিল করেছেন।

- ২। পত্র পর্যালোচনায় দেখা যায়, তিনি ইতোপূর্বে “বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, রাইখালী, কাপ্তাই, রাজামাটি পার্বত্য জেলা” এ “বৈজ্ঞানিক সহকারী” (গ্রেড-১১) পদে কর্মরত ছিলেন। “বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, রাইখালী, কাপ্তাই, রাজামাটি পার্বত্য জেলা” প্রতিষ্ঠানটি স্বায়ত্তশাসিত সংস্থার প্রতিষ্ঠান।
- ৩। এমতাবস্থায়, বাংলাদেশ সার্ভিস রুলস এর বিধি ৪২ এর উপবিধি (২) এর (৩) “(ক) পূর্ব পদটি সরকারের রাজস্ব খাতের স্থায়ী বা অস্থায়ী পদ হইতে হইবে। স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত সংস্থার পদসমূহ বা উন্নয়ন প্রকল্পের পদ সমূহ এই বিধির আওতাভুক্ত নয়।” মর্মে তার পূর্বের চাকরির ধারাবাহিকতা বজায় রেখে পেনশনযোগ্য চাকরিকাল গণনা করার সুযোগ নাই।

প্রকৌশলী মোঃ রেজাউল হক  
পরিচালক (ভোকেশনাল)

অধ্যক্ষ

রামগতি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ  
রামগতি, লক্ষ্মীপুর

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৪.৪৮.০০১.২২.অংশ-৬. ৬৫৪ (০৫)

তারিখ : ৩০/০৪/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১) পরিচালক (পিআইডব্লিউ/ ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ পিআইইউ/ প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২) আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সকল বিভাগ।
- ৩) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪) মহাপরিচালক ঐর ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) জনাব মোঃ সামছুদ্দোহা, জুনিয়র ইনস্ট্রাক্টর (পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং), রামগতি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, রামগতি, লক্ষ্মীপুর।
- ৬) সংশ্লিষ্ট নথি।

মোঃ এনায়েত করিম  
সহকারী পরিচালক